তারিখ ... 18 OCT 2015 ...
পৃষ্ঠা ... কলাম ... 2 ...

দৈনিক
ইত্তেফাক

# কলেজ শরীরচর্চা শিক্ষকদের সংশোধিত নিয়োগ বিধি প্রসঙ্গে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শরীরচর্চা শিক্ষক নিয়োগ বিধি পরিবর্তন করা হয়েছে। যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণির মাস্টার্সসহ বিপিএড ডিগ্রি এখন থেকে প্রযোজ্য হবে। যদিও মাউশি ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিদ্যমান জনবল কাঠামোতে কলেজের শরীরচর্চা শিক্ষকদের নিয়োগ যোগ্যতা স্নাতক পাসসহ বিপিএড, প্রারম্ভিক বেতনস্কেল ৮০০০ টাকা। সংশ্লিষ্ট শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার বিষয়টি ডিগ্রি কলেজের একাডেমিক অভিভাবক প্রতিষ্ঠান জাতীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সাংঘর্ষিক। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও সিনেট সভার সিদ্ধান্ত অনুযায়ী মাউশি ও মন্ত্রণালয় কর্তৃক কলেজের শরীরচর্চা শিক্ষক নিয়োগ বিধিতে যে কোনো বিষয়ে মাস্টার্স ডিগ্রি শর্ত জুড়ে দিয়ে প্রভাষকের অনুরূপ ১১,০০০ টাকা বেতনস্কেল দেওয়া ও সেইসঙ্গে উচ্চ মাধ্যমিকে ২০১৬ সাল থেকেই শারীরিক শিক্ষা বিষয়টি পাঠ্যক্রমে অন্তর্ভুক্তি সময়ের দাবি। পরিশেষে, কর্মরত শরীরচর্চা শিক্ষকের মাস্টার্স থাকলে যথাযথ পদোন্নতি, যাঁদের মাস্টার্স নেই তাঁদের ইনসার্ভিসে এমপিএড সমাপনে সুযোগ-সুবিধা দেওয়ার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

চঞ্চল কর্মকার, কিশোরগঞ্জ।